# মক্কা চুক্তিতে যোগদানে ইতিবাচক বাংলাদেশ: পররাষ্ট্রমন্ত্রী



পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। ছবি: সংগৃহীত

মক্কা চুক্তিতে (মক্কা প্যাক্ট) বাংলাদেশকে আমন্ত্রণ জানানো হলে তা ইতিবাচকভাবে বিবেচনা করা হবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান। তিনি বলেন, এই চুক্তি বিশ্বমুসলিম সমাজের আত্মরক্ষার একটি ব্যবস্থা এবং এটি মুসলিম দেশগুলোর অভ্যন্তরীণ বিষয়।

বৃহস্পতিবার (২৭ আগস্ট) স্পিকার হাফিজ উদ্দিন আহমদ (বীরবিক্রম)-এর সভাপতিত্বে জাতীয় সংসদের অধিবেশনে এক সম্পূরক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানা জানতে চান, সৌদি আরব, তুরস্ক ও পাকিস্তান গত ৭ আগস্ট মক্কা চুক্তি স্বাক্ষর করেছে। বাংলাদেশ এতে যুক্ত হলে কী সুবিধা পাবে।

জবাবে পররাষ্ট্রমন্ত্রী বলেন, মক্কা প্যাক্টটি বর্তমানে তিন দেশের মধ্যে সম্পাদিত হয়েছে। বাংলাদেশকে এতে যুক্ত করার বিষয়টি এখনো আলোচনায় আসেনি। সদস্য দেশগুলো বাংলাদেশকে অন্তর্ভুক্ত করার বিষয়ে আগ্রহ প্রকাশ করলে সরকার বিষয়টি ইতিবাচকভাবে বিবেচনা করবে।

চুক্তিটির ভালো-মন্দ নিয়ে আলোচনা করার সময় এখনো আসেনি বলেও মন্তব্য করেন তিনি। খলিলুর রহমান বলেন, চুক্তিটি যদি ভবিষ্যতে আরও বিস্তৃত হয়, তাহলে এটি বিশ্বমুসলিম সমাজের আত্মরক্ষার একটি ব্যবস্থা হিসেবে ভূমিকা রাখতে পারে।

LENS ASIA